

21st Meeting of the Working Mechanism for Consultation & Coordination on India-China Border Affairs

March 12, 2021

ভারত - চীন সীমান্ত বিষয়ক মন্ত্রণা ও সমন্বয়ের জন্য ওয়ার্কিং মেকানিজমের 21তম বৈঠক

মার্চ 12, 2021

1. ভারত-চীন সীমান্ত বিষয়ক (ডব্লিউএমসিসি) মন্ত্রণা ও সমন্বয়ের জন্য ওয়ার্কিং মেকানিজমের 21তম সভা 12 মার্চ 2021 তারিখে অনুষ্ঠিত হয়। বিদেশ মন্ত্রক থেকে অতিরিক্ত সচিব (পূর্ব এশিয়া) ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্বে ছিলেন। চীনা পররাষ্ট্র মন্ত্রণালয়ের সীমানা ও মহাসাগরীয় বিভাগের ডিরেক্টর জেনারেল চীনা প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছিলেন।
2. দুই পক্ষ পশ্চিমাঞ্চলের প্রকৃত নিয়ন্ত্রণ (LAC) রেখা বরাবর পরিস্থিতি পর্যালোচনা করে এবং পশ্চিমাঞ্চলের বাকি সমস্যাগুলি সম্বন্ধেও গুরুত্বসহকারে আলোচনা করেন। প্যাংগং হ্রদের উত্তর এবং দক্ষিণ তীরে বিচ্ছিন্ন হওয়ার বিষয়টি প্রাথমিক স্তরে সমাধান করার ফলে পরবর্তী বিষয়গুলি দ্রুত সমাধানের জন্য ভিত্তি তৈরি করবে এ বিষয়ে উভয় পক্ষ সহমত হয়। গত বছর সেপ্টেম্বর মাসে মস্কোতে দুই বিদেশ মন্ত্রীর কাছে চুক্তিটি পৌঁছে যায় এবং তাদের সাম্প্রতিক ফোনালাপের পাশাপাশি দুই পক্ষই কাজ চালিয়ে যাওয়ার বিষয়েও সহমত হন। দ্রুত সমস্ত সংঘর্ষ থেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন হওয়ার জন্য এবং পারস্পরিক গ্রহণযোগ্য সমাধানের জন্য দুই পক্ষেরই উচিত তাদের আলোচনা চালিয়ে যাওয়া। এরফলে এই অঞ্চলে সেনাবৃদ্ধি এবং সীমান্ত অঞ্চলে শান্তি ও স্থিতিবস্থা পুনরুদ্ধারের জন্য কাজ করতে উভয় পক্ষ সক্ষম হবে তারা আরও বলেন অন্তর্বর্তীকালীন সময়ে দুই পক্ষেরই তৃণমূল স্তরে স্থিতিশীলতা বজায় রাখা এবং কোনও অপ্রীতিকর ঘটনা প্রতিরোধ করা উচিত।
3. দুপক্ষই কূটনৈতিক ও সামরিক উভয় ক্ষেত্রেই ঘনিষ্ঠ যোগাযোগ এবং আলোচনা বজায় রাখতে সম্মত হয়। এক্ষেত্রে তারা খুব দ্রুত সিনিয়র কমান্ডারদের 11 তম বৈঠক আহ্বান করতে সম্মত হন যাতে বাকি সংঘর্ষ এলাকা থেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন হওয়ার জন্য দুই পক্ষই কাজ চালিয়ে যেতে পারে।

নিউ দিল্লি

মার্চ 12, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.